



ইবনে সিনা হাসপাতাল সিলেটের সেমিনারে বক্তারা

ডেঙ্গু জ্বর প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই -ডাঃ আনিসুর রহমান

সিলেটের স্বাস্থ্য বিভাগের সহকারী পরিচালক ডাঃ আনিসুর রহমান বলেছেন, ডেঙ্গুজ্বর প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই। সরকারের পাশাপাশি সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে ডেঙ্গুজ্বর প্রতিরোধে সভা সেমিনার ও লিফলেট বিতরণের মাধ্যমে জনগনকে সচেতন করে তুলতে হবে। তিনি বলেন, সিলেটে যে সকল রোগী ডেঙ্গুজ্বর নিয়ে বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন মূলত তারা ঢাকা থেকে এই রোগ বহণ করে নিয়ে এসেছেন। এজন্য সিলেটে ডেঙ্গু মশা না থাকলেও আগে ভাগেই ডেঙ্গু রোগ সম্পর্কে জনগন সচেতন হয়েছে। তাই আতঙ্কিত হবেন না এবং গুজব ছড়াবেন না। সবাই সচেতন হলেই ডেঙ্গু নির্মূল করা সম্ভব।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ইবনে সিনা হাসপাতাল সিলেট লিঃ-এর উদ্যোগে ডেঙ্গুজ্বর, প্রতিকার-করণীয় ও সচেতনতামূলক শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। হাসপাতাল ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান মাওলানা হাবিবুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন হাসপাতালের ডিরেক্টর অব মেডিকেল সার্ভিসেস কর্ণেল ডাঃ রুকনুল ইসলাম চৌধুরী (অবঃ)। তিনি বলেন, যেকোন জ্বর হলেই ডেঙ্গু ভাববেন না এবং ডেঙ্গু নিয়ে অহেতুক আতঙ্কিত হবেন না। এটি একটি সম্পূর্ণ নিরাময়যোগ্য রোগ।

সভাপতির বক্তব্যে মাওলানা হাবিবুর রহমান বলেন, শুধু ডেঙ্গুজ্বর নয় প্রতিটি রোগে মহান আল্লাহ পাকের সাহায্য কামনা করতে হবে এবং ধৈর্যের সাথে মোকাবেলা করতে হবে। হাসপাতালের সবগুলো এসি সহ গুরুত্বপূর্ণ জায়গা সমূহে যাতে পানি না জমে সেদিকে খেয়াল রাখতে হবে। এভাবে প্রত্যেক পাড়া, মহল্লা ও বাড়িতে ডেঙ্গু উৎপাদনের উৎস সমূলে ধংস করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন হাসপাতালের পরিচালক ডাঃ মোদাক্কির হোসেইন, ডাঃ এ.টি রেজা আহমদ, ডাঃ শামসুল হক চৌধুরী, ডাঃ মোসাদ্দেক হোসেন চৌধুরী, সি.এম.ও মেজর ডাঃ আব্দুস সালাম চৌধুরী (অবঃ), আই.সি.ইউ কনসালটেন্ট ডাঃ মাসউদ গণি, ম্যানেজার (এডমিন) মোঃ তারিকুল ইসলাম, ম্যানেজার (মার্কেটিং) মোহাম্মদ ওবায়দুল হক। অনুষ্ঠানে ডাক্তার, নার্স, বিভিন্ন পেশাজীবী ও বিশিষ্ট ব্যক্তিসহ সর্বস্তরের জনসাধারণ উপস্থিত ছিলেন।